The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.17, Issue 811 | 29 March 2024 | শুক্রবার ১৫ চৈত্র ১৪৩০


Shakib's birthday bash lights up Times Square
>> Page 24


Queens cop killed Shooter Identified
>> Page 25


Bangladeshi teen shot dead by NYPD
>> Page 24


Schumer announce over $8M funding
>> Page 25


বাবা-মা ও ছোট ভাইয়ের সাথে উইন রোজারিও। পুলিশ বুধবার ওজন পার্কে বাড়িতে ঢুকে ১৯ বছর বয়সী বাংলাদেশি এই কিশোরকে গুলি করে। ছবি: সংগৃহীত

# পুলিশের গুলিতে বাংলাদেশি কিশোর নিহত

## আজ নিউইয়র্কের বিভিন্ন স্থানে প্রতিবাদ বিক্ষোভ

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে নিজেদের বাড়িতে মায়ের সামনেই পুলিশের গুলিতে এক বাংলাদেশি কিশোর নিহত হয়েছেন। গত বুধবার দুপুর দেড়টার দিকে নিউইয়র্কের ওজন পার্কের ১০১ অ্যাভিনিউ ও ১০৩ স্ট্রিটে এ ঘটনা ঘটে। নিহত উইন রোজারিওর বয়স মাত্র ১৯ বছর। বাংলাদেশে তাদেও গ্রামের বাড়ি গ্রামের বাড়ি গাজীপুরের পূবাইলে। পুলিশের ভাষ্যমতে, উইন রোজারিও মানসিকভাবে বিষণ্ণ ছিলেন এবং সাহায্যের জন্য তিনি নিজেই ৯১১ নম্বরে কল করেছিলেন। পুলিশ জানিয়েছে, ওই বাড়িতে পৌঁছে তারা উইনকে কাঁচি হাতে দেখতে পান। একপর্যায়ে কাঁচি নিয়ে তিনি পুলিশ কর্মকর্তাদের দিকে তেড়ে যান। এরপর পুলিশ গুলি চালালে উইন মারা যান। তবে ঘটনার প্রত্যক্ষদর্শী উইনের ১৭ বছর বয়সী ছোট ভাই উৎস রোজারিও পুলিশের বক্তব্যের সঙ্গে দ্বিমত পোষণ করেছেন। উৎস বলেন, পুরো ঘটনার সময়ই মা তার ভাইকে জড়িয়ে ধরে রেখেছিলেন। তখন তারা তাকে টেজার দিয়ে গুলি করে। টেজার দিয়ে গুলি করার পরও আমার ভাই নিচে পড়ে যাননি। তাই একজন পুলিশ বন্দুক বের করে তাকে গুলি করে এবং সে সময়ও আমার মা তাকে জড়িয়ে ধরে ছিলেন। তিনি বলেন, এভাবে গুলি করার কোনো প্রয়োজন ছিল না। উৎস বলেন, প্রথমত, দুজন পুলিশ অফিসার সেখানে ছিলেন এবং আমার মা আগে থেকেই তাকে ধরে রেখেছিলেন, তাই তিনি সত্যিই কিছু করতে পারতেন না। এ ঘটনায় নিহতের বাবা ফ্রান্সিস রোজারিও ও মা ইভা ডিকস্টা পুলিশের বিরুদ্ধে হত্যার অভিযোগ এরপর ৪১ পৃষ্ঠায়

## গ্রিনকার্ড দেখে যেতে পারল না উইন

আজকাল রিপোর্ট

স্বপ্নের আমেরিকায় এসে গ্রিনকার্ড ধরে দেখা হলো না ১৯ বছর বয়সী বাংলাদেশি কিশোর উইন রোজারিওর। বুধবার নিজ বাড়িতে পুলিশের গুলিতে নিহত হন তিনি। উইন রোজারিওর মায়ের বাড়ি গাজীপুরের কালীগঞ্জে আর বাবার বাড়ি পুবাইলে।

রোজারিও পরিবার যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে ভ্রমণে এসেছিল বছর দশেক আগে। এরপর ২৮ পৃষ্ঠায়

# দশ বছর যুক্তরাষ্ট্রে থাকলে গ্রীনকার্ড!

মনোয়ারুল ইসলাম



কাগজপত্রহীন ইমিগ্রান্টদের গ্রীনকার্ড প্রদানের বিশেষ উদ্যোগ নিতে যাচ্ছেন প্রেসিডেন্ট জো বাইডেন। নভেম্বরের নির্বাচনের আগেই এ ব্যাপারে তিনি একটি নির্বাহী আদেশ জারি করতে পারেন। তবে গ্রীনকার্ড প্রাপ্তির প্রধান শর্ত হবে এক নাগাড়ে নূন্যতম ১০ বছর যুক্তরাষ্ট্রে অবস্থান করতে হবে। একই সাথে প্রমাণ করতে হবে যুক্তরাষ্ট্র ত্যাগ করলে তাদের জীবন সংকটের মুখোমুখি হবে। ইমিগ্রেশন ইস্যু নিয়ে যুক্তরাষ্ট্রের রাজনীতি এখন উত্তাল। সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এ ব্যাপারে কঠোর অবস্থানে। অভিযোগ রয়েছে, তিনি ইমিগ্রান্টদের মানুষ হিসেবেই গণ্য করছেন না। প্রেসিডেন্ট নির্বাচিত হলে মুসলিম ইমিগ্রান্টদের বের করে দেবার হুমকি দিচ্ছেন। এমন সময় বাইডেন প্রশাসনের এ ধরনের উদ্যোগ অবৈধ ইমিগ্রান্টদের টানেলের শেষ প্রান্তে আলো দেখাচ্ছে।

এ ব্যাপারে নিউইয়র্ক পোস্ট একটি সংবাদ পরিবেশন করেছে। এতে বলা হয়েছে, যারা যুক্তরাষ্ট্রে ১০ বছরের বেশি সময় ধরে রয়েছেন এবং ডিপোর্টেশনের মুখোমুখি তাদের মধ্য থেকে প্রতিবছর ৪ হাজার অবৈধ অভিবাসীকে গ্রীন কার্ড প্রদানের পরিকল্পনা করছেন প্রেসিডেন্ট বাইডেন। তবে তারা ভয়ানক অপরাধের সাথে জড়িত কিংবা কোন অপরাধের জন্য শাস্তি পেয়ে থাকলে গ্রীনকার্ডের আবেদনের যোগ্য বলে বিবেচিত এরপর ২৮ পৃষ্ঠায়

## নিহতের পরিবারের পাশে কমিউনিটির বিশিষ্টজনেরা

আজকাল রিপোর্ট

পুলিশের গুলিতে নিহত বাংলাদেশি কিশোর উইন রোজারিও নিহতের ঘটনায় তীব্র নিন্দা জানিয়েছে কমিউনিটির বিভিন্ন বাংলাদেশি সংগঠন। গতকাল বৃহস্পতিবার নিউইয়র্কের কনসাল জেনারেল মো. নাজমুল হুদা নিহত কিশোরের বাবা-মায়ের সাথে দেখা করে সমবেদনা জানান। এসময় তিনি যেকোনো ধরনের এরপর ২৮ পৃষ্ঠায়

## ডোনাল্ড ল্যু সমীপে ড. সিদ্দিক বাইডেন-হাসিনা বৈঠক আয়োজনের অনুরোধ



আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক এসিসট্যান্ট সেক্রেটারি অব স্টেট ডোনাল্ড ল্যু'র সাথে দেখা করেছেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ সভাপতি ড. সিদ্দিকুর রহমান। তিনি ডোনাল্ড ল্যুকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও এরপর ৫০ পৃষ্ঠায়

# ভারতীয় পণ্য বর্জনের ডাক

## বিএনপি'র রাজনৈতিক কৌশল নিয়ে তোলপাড়

মাসুদ করিম, *ঢাকা থেকে*



বিএনপি ভারতীয় পণ্য বর্জনের ডাক দেয়ায় বাংলাদেশের রাজনীতিতে তোলপাড় সৃষ্টি হয়েছে। দলটির যুগ্ম মহাসচিব ও মুখপাত্র রিজভী আহমেদ সম্প্রতি একটি সমাবেশে নিজের গায়ে থাকা ভারতীয় চাদর মাটিতে ছুড়ে ফেলে দিয়ে পণ্য বর্জনের আহ্বান জানান। তার পরপরই ঢাকায় ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা জরুরী ভিত্তিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেন। তাদের আলোচনায় ভারতীয় পণ্য বর্জনের জন্যে বিএনপি'র আহ্বানের বিষয়টি গুরুত্ব লাভ করেছে। পরবর্তীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দলীয় কাজে বিএনপি'র এক সমাবেশে ভারতীয় পণ্য বর্জনের রাজনীতির কড়া সমালোচনা করেন। শেখ হাসিনা বলেন, 'বিএনপি নেতারা তাদের বউদেরকে ভারতীয় শাড়ি পরা বন্ধ করুক। তারা ভারতীয় পৈঁয়াজ, রসুন, আদা খাওয়া বন্ধ করুক। তারপর ভারতীয় পণ্য বর্জন করার কথা বলুক'। এরপর ৫১ পৃষ্ঠায়

## জেএফকে-তে আ. লীগের সংবর্ধনা নিউইয়র্কে প্রধান বিচারপতি ও এর্টনি জেনারেল

আজকাল রিপোর্ট



বাংলাদেশ সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি ওবায়দুল হাসান ও এটর্নি জেনারেল এএম আমিন উদ্দীন এখন যুক্তরাষ্ট্র সফরে রয়েছেন। তাদের এই সফর অনেকটা নীরবেই কেটে যাচ্ছে। তাদের এই এরপর ৪৬ পৃষ্ঠায়

MHC MARKS HOME CARE
'মার্কস্ হোম কেয়ার'-এর বিজ্ঞাপন দেখুন ২ ও ৬৩ পৃষ্ঠায়
সঠিক হোম কেয়ারের সেবা পেতে ফোন করুন-718 697 7717

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকালাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights


ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57TH STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED
President & CEO


BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী


MHC

# Marks Home Care

# মার্কস্ হোম কেয়ার









## Bronx

1232 Virginia Ave
Bronx, NY 10472

1514 Castle Hill Ave
Bronx, NY 10462

2002 Mcgrow Ave
Bronx, NY 10462

721 E Tremont Ave,
Bronx, NY 10457

## Brooklyn

413 Bay Ridge Ave
Brooklyn, NY 11220

219 Church Ave
Brooklyn, NY 11218

1122 Coney Island Ave
Suite 220 (2nd fl.)
Brooklyn, NY 11230

1208 Liberty Ave
Brooklyn, NY 11208

1104 Liberty Ave
Brooklyn, NY 11208

## Queens

40-04 Junction Blvd
Corona, NY 11368

37-20 74th Street
Jackson Heights
NY 11372

148-37 Hillside Ave
Jamaica, NY 11435

## Hicksville

217 Bethpage road
Hicksville, NY 11801

## Buffalo

1049 Broadway St.
Suite # 4
Buffalo, NY 14212

## Rochester

504 W Main St
Rochester, NY 14608

আমরা নূতন গ্রাহক
এবং
এজেন্সী ট্রান্সফার
সাদরে গ্রহণ করছি।

- ✔ প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- ✔ প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা প্রদান করে প্রতি সপ্তাহে আকর্ষণীয় আয়ের নিশ্চয়তা

**We Welcome
Agency Transfers
and New Clients.**

FOLLOW US ON
FOR LATEST EVENTS, PRIZES AND GIVEAWAYS

## বিস্তারিত জানতে কল করুন

# 718-697-7717

E-mail : info@markshhc.com | www.markshhc.com

* শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। *

Queens Social Adult Day Care Center Inc

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক



Captain Mahfuzul Haque



## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak Spanish, Urdu, Hindi & Arabic







আমরা ৭ দিনই খোলা

***For details information please contact***

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

1217 Liberty Avenue, Brooklyn, NY 11208


WORLD HUMAN RIGHTS DEVELOPMENT USA INC
WHRDUSA
EST: 1994
আয়োজনে
BANGLADESH DAY PARADE OF USA
বাংলাদেশ
ডে-প্যারেড
নিউইয়র্ক
২৬ মে ২০২৪ রবিবার
সময়: সকাল ১১টা থেকে বিকাল ৩টা
স্থান: ৬৯-৮৭ স্ট্রিট, ৩৭ এভিনিউ
জ্যাকসন হাইট্‌স, নিউইয়র্ক ১১৩৭২
কুজকাওয়াজ
পতাকা প্রদর্শন
লাইভ ব্যান্ড
গাড়ী ও ট্রাক মিছিল
হাজারো মানুষের ঢল
আমেরিকার আকাশ বাতাসে সঙ্গীত ও
স্লোগানে মুখরিত হবে
বাঙালীর গর্ব, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের ফসল
"আমার সোনার বাংলা,
আমি তোমায় ভালবাসি"
MEDIA PARTNER
The Most Circulated Bengali Newspaper in North America
সাপ্তাহিক আজকাল
শাহ্ নেওয়াজ
আহ্বায়ক
বাংলাদেশ ডে প্যারেড, নিউইয়র্ক
ফোন: ৬৪৬-৫৯১-৮৩৯৬
তরিকুল হোসাইন বাদল
সদস্য সচিব
বাংলাদেশ ডে প্যারেড, নিউইয়র্ক
ফোন: ৩৪৭-৬১২-৬৯৫১
শাহ্ শহীদুল হক
সভাপতি
ওয়ার্ল্ড হিউম্যান রাইট্‌স ডেভেলপমেন্ট ইউএসএ ইন্‌ক
ফোন: ৩৪৭-৪৭৬-৯৪২৪
ইঞ্জিঃ আব্দুস সোবহান
সাধারণ সম্পাদক
ওয়ার্ল্ড হিউম্যান রাইট্‌স ডেভেলপমেন্ট ইউএসএ ইন্‌ক
ফোন: ৬৪৬-৩৭১-৩৬১৪
www.bddayparade.com


বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯+
JFK-Dhaka-JFK Return
আমাদের কাছে পাবেন ওমরাহ প্যাকেজ
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল
মক্কা ও মদিনায় আমাদের আছে অভিজ্ঞ মোয়াল্লেম
Mohammad B Hossain (Belal)
President & CEO
SAUDI ARABIAN AIRLINES
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
Emirates
QATAR AIRWAYS
KUWAIT AIRWAYS
দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
উত্তর আমেরিকার ট্রাভেল ব্যবসায় সবচেয়ে অভিজ্ঞ ট্রাভেল টিম শুধুমাত্র ডিজিটাল ওয়ান ট্রাভেল-এ পাবেন, যারা সর্বদা আপনাদের সেবায় প্রস্তুত
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ
পুষ্প
ট্রাভেল কনসালটেন্ট
৫ বছরের অভিজ্ঞ
7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)
Phone: 917-396-4140, 917-592-7828
Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM-10PM *Terms & Condition may apply. See store for details.



ellexo
ELLEXO LIFESTYLE INC
Exclusive
COLLECTION
ON THIS EID
আকর্ষণীয় সব
পাঞ্জাবী ও হিজাব
এর কালেকশন পাচ্ছেন একসাথে!
VISIT US ONLINE AT:
www.ellexo.us
YOUR ULTIMATE FASHION DESTINATION
929-538-7903 www.ellexo.us info@ellexo.us
169-22 Hillside Ave, FL 2 Jamaica, NY 11432

# নিউইয়র্কের দুটি অনুষ্ঠান নিয়ে কিছু কথা

## বিশ্ব নারী দিবস


তাদের ছেলেমেয়েরাও তাই চাইছিলেন। কিন্তু সমস্যা দেখা দিয়েছে স্ত্রীকে কোনও পর পুরুষের সাথে একরাত সহবাসের বিষয় নিয়ে। দু'জনই এটাকে মেনে নিতে পারছেন না। অথচ এটা না করলে সমাজ ও ধর্ম মেনে নেবে না। এই তো হলো ইসলামে নারীর অধিকার। হিন্দু-মুসলিম উভয় ধর্মের নারীরাই ধর্মের এসব নানাবিধ কুৎসিত অনুশাসনে নিগৃহীত হয়ে আসছেন। অথচ এসবের বিরুদ্ধে প্রতিবাদ করা যায় না, সমাজও পরিবর্তনের কথা ভাবে না, বলেও না। আর পুরুষতান্ত্রিক সমাজ সুযোগের সদ্ব্যবহার করতে শুধু নিরবই থাকে না, বরং অনুশাসন টিকিয়ে রাখতে ধর্মের নিয়মের অজুহাতে মেয়েদের বেঁধে রাখতে চায়

### সুব্রত বিশ্বাস



বিশ্ব নারী দিবস উপলক্ষে ৮ মার্চ এবং ১০ মার্চ নিউইয়র্কে দুটি সংগঠনের পক্ষ থেকে পর পর দুটি অনুষ্ঠান হয়ে গেল। এর একটি নারী সংগঠন। দুটি সংগঠনই নিজেদের প্রগতিশীল বলে দাবিদার। তবে কার্যক্রম পর্যালোচনা ও বিবেচনায় নিলে এদের একটি সংগঠনকে কিছুতেই বিতর্কের উর্ধ্বে বলা যাবে না। তাদের গায়ে নানাবিধ অভিযোগ ও প্রশ্ন জড়িয়ে আছে। নারী দিবসের অনুষ্ঠান হলেও তাদেও আয়োজনে নারীদের তেমন উপস্থিতি ছিল না। পুরুষেরই যে আধিক্য ছিল ফেসবুকে পোস্টিং করা ছবির দৃশ্যপট দেখে তাই মনে হয়েছে। যদিও শ্রোতাদেও উপস্থিতিই তেমন একটা ছিলনা। একজন নারীকে সেই অনুষ্ঠানে অতিথি হিসেবে মঞ্চের শোভা বর্ধন করতে দেখা গেছে। এসব ধর্তব্যে না নিলেও প্রশ্নটা ভিন্ন জায়গায়। প্রশ্ন উঠেছে অনুষ্ঠানে কিছু বিতর্কিত ব্যক্তিদের বক্তৃতা ও উপস্থিতি নিয়ে। যাদের বিরুদ্ধে অতীতে অনেক বিতর্ক ও অপবাদ উঠতে দেখা গেছে। যারা সামাজিক অনুষ্ঠানাদিতে অনেকটা অপাংক্তেয়। অবশ্য এই সংগঠনটির অতীত ঘাঁটলে দেখা যাবে, এ ধরনের কার্যক্রম তাদের নতুন নয়। দল ভারি করতে বিজয় দিবসের অনুষ্ঠানে অমুক্তিযোদ্ধাদের মুক্তিযোদ্ধা পদক দিয়ে দলে টানা, কমিউনিটির বিতর্কিত নেতৃস্থানীয়দের আমন্ত্রণ জানিয়ে এবং অপাংক্তেয়দের জায়গা দিয়ে সংগঠনটিকে প্রশ্নবিদ্ধ করা হয়েছে। অনেকের কাছে ব্যাপারগুলো অনৈতিক বিবেচিত হলেও সংগঠনের নেতারা এসবকে ফুল চন্দন মনে করেন। ফলে সাধারণের চোখে ব্যাপারগুলো নীতিবিরুদ্ধ দৃষ্টিকটু কিংবা আপত্তিকর মনে হলেও সংগঠনের নেতারা এসব গায়ে মাখেন বলে মনে হয় না।

তারা নাকি আবার বামপন্থী। গলায় 'বামপন্থী' ব্যাজ লাগিয়ে বাহাদুরি দেখালেই তাতে প্রগতিশীলতা প্রমাণ করে না। বাম প্রগতিশীলরা সাধারণত বস্তুবাদী ও বাস্তববাদী হন বলেই জানি। বহুত্ববাদিতা বামপন্থীদের পথ নয়। যখন যেমন তখন তেমন, অর্থাৎ সুবিধাবাদী। সংগঠনের কেউ আধ্যাত্মিকতার অনুসারী, কেউ হজ্জ করে বেহেস্তের সনদপ্রাপ্ত। বামপন্থীরা তো এ সবে বিশ্বাস করে না। বহুত্ববাদী, তাই অবাধ সম্পর্কে স্থাপনে এদের কোনও নিয়ম-নীতি নেই, আবাহনেও বিধিনিষেধ নেই। সম্ভবত সেকারণে নারী দিবসের অনুষ্ঠানে বহুরূপী বিতর্কিতদের ছিল অবাধ সমাগম। সংগঠনের প্রতিষ্ঠালগ্নে প্রগতির আহ্বানে অনেকে এগিয়ে এলেও পরবর্তীতে তারা আর থাকেননি। নীতি আদর্শ রক্ষিত না হওয়ায় অনেকেই ছিটকে পড়েছেন। ফলে সভা সমিতি, অনুষ্ঠানাদিতে লোক সমাগম হ্রাস পেয়েছে, অপাংক্তেয়দের আনাগোনা ও পৃষ্ঠপোষকতা বেড়েছে। সংগঠনটি পরিচিতি সংকটে ভোগা আদর্শহীন সুবিধাবাদীদের খপ্পরে পড়েছে। দল ভারি করতে তাই নারী দিবসের অনুষ্ঠান ভুয়া মুক্তিযোদ্ধা, নানা অভিযোগে অভিযুক্ত ও বিতর্কিতদের মিলন মেলায় পরিণত হয়েছে। তাদের নারী দিবসের অনুষ্ঠান নিয়ে প্রশ্ন উঠেছে।



অপরদিকে নারী সংগঠনটির ব্যানারে আয়োজিত নারী দিবসের অপর অনুষ্ঠানে তুলনামূলক নারীদের উপস্থিতির আধিক্য ছিল। বিশ্ব নারী দিবস উপলক্ষে দেশ থেকে আসা জাতিসংঘের অনুষ্ঠানে অংশগ্রহণকারী দু'জন নারী নেত্রী অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ফলে অনুষ্ঠানটি তুলনামূলকভাবে গুরুত্ব ও ভিন্ন মাত্রা পেয়েছে। অনুষ্ঠানে অতিথিরা ছাড়াও বেশ কয়েকজন নারী বক্তব্য রাখেন। কিন্তু দেশে এবং বিশ্বের বর্তমান পরিসরে নারী ও মহিলারা ধর্মান্ধ ও মৌলবাদী অনুশাসনের প্রেক্ষিতে যেভাবে অত্যাচারিত ও নিগৃহীত হচ্ছে সেসব বিষয় আলোচনায় যথাযথভাবে স্থান পায়নি। ১৯৪৮ সাল থেকে প্যালেস্টাইনী জনগণ জায়নবাদী ইহুদিদের আক্রমণের শিকার হয়ে আসছেন। তারই ধারাবাহিকতায় সাম্প্রতিক সময়ে মানবতা ও মানবাধিকারের ধ্বজাধারী পশ্চিমা পরাশক্তির সরাসরি মদতে প্যালেস্টাইনের জনগণ, বিশেষ করে নারী ও শিশুদের ওপর চলছে চরম নৃশংস অমানবিক হত্যাযজ্ঞ। অনেকের মতে অতীতে ও বর্তমানে সাম্রাজ্যবাদী পরাশক্তির বহু নৃশংসতা বিশ্ব প্রত্যক্ষ করেছে, কিন্তু প্যালেস্টাইনে আজ যে হারে যে কায়দায় এবং যেভাবে হত্যাযজ্ঞ চালানো হচ্ছে সেটা ইহুদি হত্যাযজ্ঞকেও হার মানিয়েছে। সভার শুরুতে শোক প্রস্তাবে প্যালেস্টাইনের নারী ও শিশু হত্যা সহ নির্বিচারে মানুষ হত্যার নিন্দা প্রস্তাব গ্রহণ করা উচিত ছিল। উচিত ছিল আফগানিস্তানের নারীদের আন্দোলনের পক্ষে সংহতি প্রকাশ করা। উচিত ছিল সাম্প্রতিককালে ইরানে ধর্মান্ধ সরকারের নারী হত্যার বিরুদ্ধে প্রতিবাদ, নিন্দা প্রকাশ করা। এই নারী সংগঠনটির নারী দিবসের অনুষ্ঠানে এসব আলোচনা, শোক ও নিন্দা প্রস্তাব স্থান না পাওয়া দিবসটির সাথে মানানসই তো নয়ই, দুঃখজনকও বটে।

বাংলাদেশের অভ্যন্তরে সরকারের পৃষ্ঠপোষকতায় মৌলবাদী ধর্মীয় সাম্প্রদায়িক গোষ্ঠী সভা সমিতি, ওয়াজ মাহফিলের মাধ্যমে যেভাবে নারীদের নিয়ে কুৎসিত সমালোচনা করে চলেছে সে বিষয়টিও নারী সংগঠনটির এই অনুষ্ঠানে যে যথাযথ গুরুত্ব পায়নি তা নির্দ্বিধায় বলা যায়। একটি প্রগতিশীল নারী সংগঠনের বিশ্ব নারী দিবসের অনুষ্ঠানে এসব বিষয় অনুপস্থিত থাকার অর্থ নারী দিবসের আবেদনকে অপূর্ণ রাখা। যদিও আকার ইঙ্গিতে হিজাবের প্রসার, পুঁজিবাদী ও মুক্তবাজার অর্থনীতির অবাধ প্রসারকে নানাভাবে দায়ী করা হয়েছে।

সভাপতির বক্তব্যে বিষদ ব্যাখ্যা না দিয়ে সৌদি আরবে গৃহকাজে পাঠানো অত্যাচারিত ও এরপর ১৬ পৃষ্ঠায়

# সারোয়ার সালামের প্রতি শ্রদ্ধা

### মিনহাজ আহমদ

নিউইয়র্কের অন্যতম গুরুত্বপূর্ণ সেবামূলক সংগঠন দি অপটিমিস্টস্-এর সাবেক চেয়ারম্যান এবং আমার পরম শ্রদ্ধেয় দীক্ষাগুরু ও সহকর্মী অধ্যাপক সারোয়ার বি সালাম আমাদের ছেড়ে চলে গেছেন। তিনি ছিলেন নিউইয়র্কের বাঙালি কমিউনিটির এক নির্ভরযোগ্য ও বিশ্বস্ত অভিভাবক, সমাজকল্যাণে নিবেদিত প্রগতিশীল মহৎপ্রাণ ব্যক্তিত্ব ও একজন খাঁটি দেশপ্রেমিক। এই মৃত্যু আমার জন্য গভীর বেদনার ও শোকের।

অধ্যাপক সারোয়ার বি সালাম-এর মৃত্যুতে আমি যে গভীর শোকাহত হয়েছি, সে অনুভূতি প্রকাশ ছাড়াও আমি মনে করি, আমাদের কমিউনিটি, আমাদের সংগঠনসমূহ, এবং আমাদের প্রবাসের অসংখ্য সাধারণ মানুষদের পক্ষ হয়ে

যদিও শুরুর দিকে অপটিমিস্টস্-এর সাথে অধ্যাপক সারোয়ার বি সালামের প্রাথমিক সম্পর্ক ছিল একজন পেশাদার আয়কর উপদেষ্টা হিসেবে, কিন্তু কখনই তিনি তার পেশাগত কাজের জন্য অপটিমিস্টস থেকে কোনো পারিশ্রমিক নেননি, বরং তিনি শুরু থেকেই অপটিমিস্টস্-এর শিশু স্পন্সরশিপ প্রকল্পের একাধিক শিশু স্পন্সর করেছেন

প্রয়াত অধ্যাপক সারোয়ার বি সালামের প্রতি কৃতজ্ঞতাবোধ প্রকাশ করাও আমার দায়িত্বের পর্যায়ে পড়ে, সে ভাবনা থেকেই আমার এ লেখার অবতারণা।

সম্ভবত আটানব্বই বা নিরানব্বই সালে সালাম ভাইয়ের সাথে আমার প্রথম দেখা তার ব্রুকলিনস্থ অফিসে। তৎকালীন নিউ ইয়র্কের এক বাংলা সংবাদ পত্রিকা সাপ্তাহিক নতুন প্রবাসীর সম্পাদক শিকদার হুমায়ুন কবীর-এর সঙ্গী হয়ে পরিচিত হয়েছিলাম সালাম ভাইয়ের সাথে। অল্পক্ষণের আলাপচারিতায় পরিচয় পেয়েছিলাম একজন অকপট সত্যভাষী, বিদ্যানুরাগী, শিল্প-সাহিত্য-সংস্কৃতি এবং প্রবাসের গণমাধ্যমসমূহের নিঃস্বার্থ পৃষ্ঠপোষকের। যুক্তরাষ্ট্রে পাড়ি দেওয়ার আগে তিনি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসা প্রশাসন ইন্সটিটিউটের অধ্যাপক। নিউ ইয়র্কের বাঙালি কমিউনিটিকে গড়ে তোলার পিছনে তার অগ্রণী ভূমিকা ছিলো। তিনি ছিলেন প্রকৃত একজন অসাম্প্রদায়িক ও প্রগতিশীল চিন্তা-চেতনার মানুষ। পুজা সমিতি থেকে মসজিদ কমিটি পর্যন্ত সর্বত্র তিনি ছিলেন সকল বিতর্কের উর্ধে সর্বজনস্বীকৃত অবিসংবাদিত নেতা। যে কোনো দুর্দিনে বিপদে আপদে তার শরণাপন্ন হয়ে সন্তোষজনক সমাধান না নিয়ে তার কাছ থেকে কেউই ফিরে যাননি। দেশে কিংবা বিদেশে, দুর্দশাগ্রস্থ সকল মানুষের জন্য তার হাত সব সময় ছিল উদার। সারোয়ার বি সালাম যেমন ছিলেন একজন কবিতা প্রেমিক, তেমনি ছিলেন একজন কবি। তার রয়েছে একাধিক প্রকাশিত কবিতার বই।



আমাদের সংগঠন অপটিমিস্টস্-এর জন্য সালাম ভাই ছিলেন একজন অনেক বড় উৎসাহদাতা। অপটিমিস্টস্-এর হয়ে তিনি সস্ত্রীক বাংলাদেশের গ্রামে গ্রামে ঘুরেছেন এটা নিশ্চিত করতে যে, প্রবাসী মানুষদের দ্বারে দ্বারে হাত পেতে আমরা যে অর্থ সংগ্রহ করছি, সেটা যেন বাংলাদেশের প্রকৃত অসহায় দরিদ্র পরিবারের শিশুদের উন্নয়নে ভূমিকা রাখতে পারে। তিনি অপটিমিস্টস্-এর সাফল্যে এতটাই মুগ্ধ হয়েছিলেন যে, অপটিমিস্টস্-এর প্রতিষ্ঠাতা সভাপতি মোহাম্মদ চৌধুরী রানাভাই ও অপর সহ প্রতিষ্ঠাতা শামীম আহমদসহ আমি যখন তাকে অপটিমিস্টস্-এর উপদেষ্টা থেকে চেয়ারম্যানের দায়িত্ব নিতে অনুরোধ করি, তখন তিনি সম্ভবত আমাদের এই যুক্তিতেই রাজি হয়েছিলেন যে, তিনি যদি এই পদটি গ্রহণ করেন, তাহলে অপটিমিস্টস্-এর কার্যক্রম প্রবাসে এবং দেশে আরো বেশি বিস্তৃত হবে, এবং এতে বাংলাদেশের অধিকসংখ্যক অসহায় দরিদ্র পরিবারের শিশুদের উপকার হবে। অপটিমিস্টস্-এর হয়ে বাংলাদেশের শিশুদের সাহায্যার্থে যে কোনো মানুষের কাছে অর্থ সাহায্য চাইতে তিনি কখনও কুণ্ঠিত বোধ করেননি।

যদিও শুরুর দিকে অপটিমিস্টস্-এর সাথে অধ্যাপক সারোয়ার বি সালামের প্রাথমিক সম্পর্ক ছিল একজন পেশাদার আয়কর উপদেষ্টা হিসেবে, কিন্তু কখনই তিনি তার পেশাগত কাজের জন্য অপটিমিস্টস থেকে কোনো পারিশ্রমিক নেননি, বরং তিনি শুরু থেকেই অপটিমিস্টস্-এর শিশু স্পন্সরশিপ প্রকল্পের একাধিক শিশু স্পন্সর করেছেন। এছাড়াও অপটিমিস্টস্-এর বিভিন্ন সাংগঠনিক ব্যয় নির্বাহে তিনি নিয়মিত আর্থিক সহায়তাও দিয়ে গেছেন। আমি বিশ্বাস করি, প্রবাসী বাংলাদেশি সকল সংগঠনের মধ্যে অপটিমিস্টস্-কে একটি গুরুত্বপূর্ণ, ব্যতিক্রমী ও কার্যকর জনকল্যাণমুখী সংগঠনে পরিণত করার জন্য সারোয়ার বি সালাম-এর ভূমিকা সবচেয়ে বেশি। অপটিমিস্টস্ যতদিন সক্রিয় থাকবে, ততদিন অপটিমিস্টস্-কে অধ্যাপক সারোয়ার বি সালামের এই অপরিশোধ্য ঋণের কথা স্বীকার করতেই হবে। এরপর ২৬ পৃষ্ঠায়



অপটিমিস্টস্ যতদিন সক্রিয় থাকবে, ততদিন অপটিমিস্টস্-কে অধ্যাপক সারোয়ার বি সালামের এই অপরিশোধ্য ঋণের কথা স্বীকার করতেই হবে। পরম শ্রদ্ধেয় সালাম ভাইয়ের অন্তিম যাত্রায় কামনা করছি, সালাম ভাই যেখানেই থাকেন, যেভাবেই থাকেন, আমার মতো হাজার হাজার মানুষের আন্তরিক শ্রদ্ধা, ভালবাসা এবং শুভেচ্ছা অবশ্যই তার সাথে থাকবে। একই সাথে আমরা আশা করছি, আমরা সালাম ভাইয়ের মঙ্গলভাবনা এবং আশীর্বাদ থেকে বঞ্চিত না হয়ে, তারই দেখানো আলোকিত পথ ধরে যেন সকল লোভ-লালসা আর ব্যক্তিস্বার্থের উর্দ্ধে থেকে নীতি, আদর্শ, সততা ও কল্যাণমনস্কতায় অবিচলভাবে মানব সেবার লক্ষ্যে কাজ করে যাবো

# স্বাধীনতার ঘোষণা নিয়ে কূটতর্ক নয়

তবে বাস্তবতা হচ্ছে, এ আনুষ্ঠানিক ঘোষণার হয়তো একটি আন্তর্জাতিক মূল্য আছে। কিন্তু বাংলাদেশের সব শ্রেণি-পেশার মানুষের জন্য তেমন প্রয়োজনীয় ছিল না। বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের পর উদ্বুদ্ধ বাঙালির জন্য আর কোনো আনুষ্ঠানিক ঘোষণার দরকার ছিল না। ২৫ মার্চ রাত সাড়ে এগারোটায় ঢাকায় পাকবাহিনী বাঙালির ওপর গণহত্যা শুরু করলে স্বয়ংক্রিয়ভাবেই মানুষ প্রতিরোধ যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল। স্বাধীনতা ঘোষণা নিয়ে উৎকট বিতর্ক তৈরিকারীরা বিবেচনায় রাখেন না যে, কালুরঘাট বেতার কেন্দ্রের ট্রান্সমিটার ছিল মাত্র ১০ কিলোওয়াটের। অস্পষ্টভাবেও ৬০ কিলোমিটারের বেশি এর শব্দতরঙ্গ পৌঁছার কথা নয়। তা ছাড়া সারা দেশের মানুষের কাছে এ কেন্দ্রটি ছিল অপ্রচলিত

এ কে এম শাহনাওয়াজ



ইতিহাস গবেষণা বৈজ্ঞানিক ভিত্তির ওপর প্রতিষ্ঠিত। প্রাথমিক ও দ্বিতীয় পর্যায়ের সূত্র বিশ্লেষণ করে ইতিহাসের সত্য নির্ণয় করা হয়। প্রাগৈতিহাসিক যুগে যখন মানুষ লিখতে শেখেনি, সে সময়ের ইতিহাস লেখা হয় সমকালীন মানুষের ব্যবহৃত সাংস্কৃতিক নিদর্শন বিশ্লেষণ করে। সরাসরি লিখিত সূত্র না থাকায় তখনকার ইতিহাস নির্মাণ করতে প্রাসঙ্গিক সূত্রের সঙ্গে যৌক্তিক ব্যাখ্যা প্রদানের প্রয়োজন পড়ে। তাই সে সময়ের ইতিহাসের সিদ্ধান্তে কিছুটা অস্পষ্টতা থাকে।

বাংলাদেশের মুক্তিযুদ্ধ সংঘটিত হয়েছে আধুনিক যুগপর্বে। ফলে লিখিত ও প্রাসঙ্গিক নানা সূত্র মোটেও অপ্রতুল নয়। এসব বিশ্লেষণ করে স্বাধীনতার ঘোষণা সম্পর্কে সঠিক ইতিহাস রচনায় কোনো জটিলতা নেই। এ নিয়ে অযথা যারা জটিলতা তৈরি করেন, তারা ইতিহাসের অমোঘ নিয়মে আস্তাকুঁড়ে নিক্ষিপ্ত হবেন।

পাকবাহিনী অপারেশন সার্চলাইট রাত ১১:৩০টায় শুরু করার পর ক্যালেন্ডারের হিসাবে দ্রুত ২৫ মার্চ পার হয়ে রাত ১২টার পর ২৬ মার্চ এসে গিয়েছিল। বঙ্গবন্ধু বুঝেছিলেন, যে কোনো সময় তাকে আটক করতে পাক সৈন্যরা ছুটে আসবে। পাকিস্তানি শাসকরা যেহেতু সব ধরনের আপস বা মধ্যস্থতার পথ বন্ধ করে দিয়ে তাদের বর্বর সৈন্যদের গণহত্যার নির্দেশ দিয়েছিল, তাই এখন মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়া ছাড়া বাঙালির বিকল্প কোনো পথ নেই। ৭ মার্চ বঙ্গবন্ধুর ভাষণের পর থেকেই পূর্ব পাকিস্তানের ছাত্র, শ্রমিক, কৃষক থেকে শুরু করে সর্ব শ্রেণির মানুষ শত্রুর হাত থেকে দেশকে রক্ষা করতে মুক্তিযুদ্ধ শুরু করার জন্য মানসিক প্রস্তুতি নিয়েছিল। তখন বোধহয় সেই চূড়ান্ত ক্ষণটি এসে গেল। বঙ্গবন্ধু বুঝেছিলেন দেশবাসী ও বিশ্ববাসীর সামনে মুক্তিযুদ্ধ শুরু করার জন্য একটি আনুষ্ঠানিক ঘোষণার প্রয়োজন রয়েছে। কিন্তু তার হাতে সময় খুব কম। তাই তিনি ইংরেজিতে স্বাধীনতার দুটি ঘোষণার খসড়া তৈরি করলেন। একটি সম্ভবত আগেই প্রস্তুত করে রেখেছিলেন, যা ইপিআরের গোপন ট্রান্সমিটারের সাহায্যে ওয়্যারলেসের মাধ্যমে পাঠানো হয়। এ ঘোষণাটিই স্বাধীনবাংলা বেতার কেন্দ্র থেকে শেখ মুজিবুর রহমানের নামে প্রচারিত স্বাধীনতার ঘোষণা। ঘোষণাটি নিচে উদ্ধৃত করা হলো।

DECLARATION OF INDEPENDENCE:

'This may be my last message, from today Bangladesh is independent. I call upon the people of Bangladesh wherever you might be and with whatever you have, to resist the army of occupation to the last. Your fight must go on until the last soldier of the Pakistan occupation army is expelled from the soil of Bangladesh and final victory is achieved.Ó (বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ, দলিলপত্র : তৃতীয় খণ্ড, তথ্য মন্ত্রণালয়, ১৯৮২, পৃ. ১)

এর পরপরই পাকবাহিনীর গণহত্যা শুরু হওয়ার পর তিনি দ্রুত আরও একটি ঘোষণা ওয়্যারলেসের মাধ্য সারা দেশে ছড়িয়ে দেওয়ার ব্যবস্থা করেন। এ ঘোষণাটি বাংলায় অনুবাদ করে চট্টগ্রামে সাইক্লোস্টাইল মেশিনে ছেপে তা সাধারণ মানুষের মধ্যে বিতরণ করা হয়। মূল ইংরেজিতে লেখা ঘোষণাটিও নিচে উদ্ধৃত করা হচ্ছে-

'The Pakistan Army has suddenly attacked the E.P.R. base at Peelkhana and Rajarbag Police Line and Killed citizens. Street battles are going on in every street of Dhaka-Chittagong. I appeal to the nations of the world for help. Our freedom fighters are gallantly fighting the enemy to free the motherland. I appeal and order you all in the name of Almighty Allah to fight to the last drop of blood to liberate the country. Ask Police, the E.P.R. the Bengal Regiment and the Ansars to stand by you and to fight. No compromise. Victory is ours. Drive out the last enemy from the holy soil of our motherland. Convey this massage to all Awami League leaders, workers and other patriots and lovers of freedom.

May Allah bless you.

Joy Bangla.

Sheikh Mujibur Rahman

25 March. 1971'

এ ঘোষণাটি বাংলায় অনুবাদ করে চট্টগ্রামে সাইক্লোস্টাইল মেশিনে ছেপে তা সাধারণ মানুষের মধ্যে বিতরণ করা হয়। ডাক্তার মনজুলা আনোয়ার অনূদিত ঘোষণাটি সংযুক্ত করা হলো : 'পাকিস্তান সেনাবাহিনী অতর্কিতে পিলখানা ইপিআর ঘাঁটি, রাজারবাগ পুলিশ লাইন আক্রমণ করেছে এবং শহরের লোকদের হত্যা করছে। ঢাকা-চট্টগ্রামের রাস্তায় রাস্তায় যুদ্ধ চলছে। আমি বিশ্বের জাতিসমূহের কাছে সাহায্যের আবেদন করছি। আমাদের মুক্তিযোদ্ধারা বীরত্বের সঙ্গে মাতৃভূমি মুক্ত করার জন্য শত্রুদের সঙ্গে যুদ্ধ করছে। সর্বশক্তিমান আল্লাহর নামে আপনাদের কাছে আমার আবেদন ও আদেশ, দেশকে স্বাধীন করার জন্য শেষ রক্তবিন্দু থাকা পর্যন্ত যুদ্ধ চালিয়ে যান। আপনাদের পাশে এসে যুদ্ধ করার জন্য পুলিশ, ইপিআর, বেঙ্গল রেজিমেন্ট ও আনসারদের সাহায্য চান। কোনো আপস নেই, জয় আমাদের হবেই। আমাদের পবিত্র মাতৃভূমি থেকে শেষ শত্রুকে বিতাড়িত করুন। সব আওয়ামী লীগ নেতা, কর্মী এবং অন্যান্য দেশপ্রেমিক ও স্বাধীনতাপ্রিয় লোকদের এই সংবাদ পৌঁছে দিন।

এরপর ১৬ পৃষ্ঠায়



# পাকিস্তান ক্ষমা না চাইলে সুসম্পর্ক হবে না

চপল বাশার

একাত্তরের পঁচিশে মার্চ, রাত দশটা। ঢাকার কমলাপুর রেলস্টেশন। বারোজনের একটি পরিবার প্ল্যাটফরমে পৌঁছে দেখল একটু আগেই উত্তরবঙ্গগামী ট্রেনটা চলে গেছে। ওটাই ছিল শেষ ট্রেন, আর কোনো ট্রেন নেই। পরিবারটি বিপদে পড়ল। ট্রেন নেই, ঘরে ফিরে যাওয়ার মতো কোনো যানবাহনও স্টেশনে নেই। স্টেশনে যারা ছিলেন, ছোটাছুটি করে যে যেদিকে পারেন পালিয়ে যাচ্ছেন। শহরে পাকিস্তান আর্মি নেমেছে বলে খবর পাওয়া যাচ্ছে। সবাই আতঙ্কিত।

স্টেশন মাস্টার বারোজনের পরিবারটিকে একটি ওয়েটিং রুম খুলে দিয়ে বললেন সেখানেই রাতটা কাটিয়ে দিতে। তিনি সাবধান করে দিয়ে বললেন 'কেউ ঘর থেকে বের হবেন না। খবর পেলাম আর্মি এদিকেই আসছে। যাই হোক, আমি আমার অফিস ঘরেই থাকব।'

ভয়াল রাতে কমলাপুরে:

এরপরেই শুরু হয়ে গেল পাকিস্তানি হানাদারদের তাণ্ডব। ট্রাক থেকে নেমেই সৈন্যরা যাকে যেখানে পেল সেখানেই গুলি করে মারল। স্টেশন মাস্টারও রেহাই পেলেন না। তাকে তার অফিস ঘরেই গুলি করে হত্যা করা হলো। বারোজনের পরিবারটি আলো নিভিয়ে ওয়েটিং রুমে দরজা বন্ধ করে চুপচাপ বসে থাকায় তারা বেঁচে গেল। কিন্তু জানালার ফাঁক দিয়ে দেখল কিভাবে নিরস্ত্র নিরীহ মানুষদের হত্যা করা হচ্ছে।

২৭ মার্চ সকাল ৮টায় কারফিউ উঠে যাওয়া পর্যন্ত পরিবারটি ওয়েটিং রুমে আটকে ছিল। তাদেরই একজন শাহানা পারভীন 'ভয়াল রাতে কমলাপুর স্টেশনে' শীর্ষক এক নিবন্ধে ২৫-২৬ মার্চের অভিজ্ঞতা বর্ণনা করেছেন। নিবন্ধটি প্রকাশিত হয় ত্রৈমাসিক সাহিত্য পত্রিকা 'প্রাঙ্গণ'-এর চতুর্থ বর্ষ চতুর্থ সংখ্যায় (জানুয়ারি-মার্চ ২০০৮)।

শাহানা পারভীন তার নিবন্ধে উল্লেখ করেছেন, তারা প্রায় ৩৪ ঘণ্টা ওয়েটিং রুমের ভেতরে অবরুদ্ধ ছিলেন। এ সময় এক মিনিটের জন্যও গোলাগুলি থামেনি। গোলাগুলির শব্দের সঙ্গে শোনা গেছে মানুষের আর্তচিৎকার। স্টেশনের প্ল্যাটফরমে রক্তের স্রোত। মৃতদেহগুলোর পা ধরে টেনে নিয়ে মালগাড়ির ওয়াগনে ছুড়ে ফেলা হয়েছে। সব দোকানপাট ভেঙে তছনছ করা হয়। প্ল্যাটফরমের সবখানে ছোপ ছোপ রক্তের দাগ, বালি দিয়ে ঢেকে ফেলার চেষ্টা ব্যর্থ হয়েছে।

হানাদারদের নৃশংসতা:

কমলাপুর স্টেশনে দুই রাত একদিনে বহু প্রাণহানির কথা শাহানা পারভীন বললেও কত মানুষ মারা গিয়েছিলেন সে তথ্য দিতে পারেননি। অবরুদ্ধ অবস্থায় থেকে সেটা সম্ভবও নয়। কিন্তু অন্যান্য প্রত্যক্ষদর্শীর কাছে যা শুনেছি তা ভয়াবহ। কমলাপুর স্টেশন থেকে উত্তরে মুগদা পর্যন্ত রেললাইনের দুই পাশে এবং দক্ষিণে গোপীবাগ রেলগেট পর্যন্ত শত শত বস্তি ও কাঁচাঘর ছিল। দক্ষিণ কমলাপুরেও বড় বস্তি ছিল। এগুলোর একটিও হানাদারদের হামলা থেকে রেহাই পায়নি। পাকিস্তানি সৈন্যরা সবকটি বস্তি ও কাঁচাঘরে আগুন দিয়েছে। ঘরের ভেতরে যারা ছিল, তারা পুড়ে মরেছে, যারা বাইরে আসার চেষ্টা করেছিল, তাদের গুলি করে মারা হয়েছে। কমলাপুর স্টেশনের ছাদ থেকে সৈন্যরা ভারী মেশিনগান দিয়ে গোপীবাগ রেলগেটের দিকে অবিরাম গুলি ছুড়েছে, এতেও বহু লোক মারা যান। ২৭ মার্চ সকালে কারফিউ উঠে যাওয়ার পর গোপীবাগ রেলগেট সংলগ্ন ভাবে মসজিদের ভেতরে ও বাইরে অনেক গুলিবিদ্ধ লাশ দেখা গেছে। হানাদাররা মসজিদকেও রেহাই দেয়নি।



কমলাপুর স্টেশন এবং এর আশপাশের বস্তি এলাকায় সেই দুই রাত একদিনে কত মানুষ মারা গিয়েছিলেন? কমলাপুর, মুগদা ও গোপীবাগ এলাকার স্থায়ী বাসিন্দা যারা সে সময় ঘটনাস্থলে ছিলেন, যারা প্রত্যক্ষদর্শী, তারা সবাই একমত যে, সে সময় ওই এলাকায় অন্তত পাঁচ হাজার লোক নিহত হন।


পাকিস্তানি হানাদার বাহিনী ২৫ মার্চ রাতে যে গণহত্যা শুরু করেছিল, তার নাম দেওয়া হয়েছিল 'অপারেশন সার্চলাইট'। এ অপারেশন দুই দিন ধরে চলেছিল সমগ্র ঢাকা মহানগরীতে। কমলাপুর স্টেশন ছাড়াও এ অপারেশনের প্রথম টার্গেট ছিল রাজারবাগ পুলিশ লাইন, পিলখানায় ইপিআর হেডকোয়ার্টার্স ও ঢাকা বিশ্ববিদ্যালয়।

পিলখানা, রাজারবাগে প্রতিরোধ:

উল্লিখিত তিনটি স্থানে একই সময়ে হামলা শুরু করা হয়। তবে রাজারবাগে পুলিশ বাহিনী ও পিলখানায় ইপিআরের বাঙালি সদস্যরা প্রতিরোধ গড়ে তোলেন এবং অনেকক্ষণ হানাদারদের বিরুদ্ধে যুদ্ধ করেন। গুলি বিনিময়ে বেশ কিছুসংখ্যক বাঙালি পুলিশ ও ইপিআর সৈনিক শহিদ হন। আধুনিক অস্ত্রশস্ত্রে সজ্জিত হানাদার বাহিনীর ক্ষয়ক্ষতিও কম ছিল না। রাজারবাগে এক পর্যায়ে বাঙালি পুলিশরা পিছু হটে গেলে হানাদাররা পুলিশের সবকটি ব্যারাক ও ছাউনি পুড়িয়ে দেয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে একইসঙ্গে ছাত্রাবাস ও শিক্ষকদের আবাসিক ভবনে আক্রমণ শুরু হয়। জগন্নাথ হল, ইকবাল হল, রোকেয়া হল এবং শিক্ষকদের কয়েকটি আবাসিক ভবন ছিল তাদের প্রধান টার্গেট। ছাত্রাবাসগুলোতে যারা অবস্থান করছিলেন, তাদের কেউ বাঁচতে পারেননি। কিছুসংখ্যক শিক্ষককে তাদের বাড়িতে গিয়ে খুঁজে বের করে হত্যা করা হয়। তাদের একজন অধ্যাপক জি সি দেব। ধারণা করা যায়, হানাদাররা শিক্ষকদের তালিকা নিয়ে এসেছিল এবং এ তালিকা তৈরি করেছিল পাকিস্তানিদের এদেশীয় এজেন্টরা। মধুর

এরপর ২৬ পৃষ্ঠায়



পাকিস্তানিরা পরাজয় মেনে নিয়ে মাথা নিচু করে এদেশ থেকে বিদায় নিয়েছে। বাংলাদেশ স্বাধীন রাষ্ট্র হিসাবে বিশ্বমানচিত্রে স্থান পেয়েছে। স্বাধীনতার ৫২ বছর পূর্ণ হয়ে ৫৩ বছর হতে চলেছে। কিন্তু পাকিস্তান সরকার একাত্তরে গণহত্যার জন্য এখনো বাংলাদেশের কাছে ক্ষমা চায়নি। পাকিস্তান যে অপরাধ এখানে করে গেছে, বাংলাদেশের জনগণ তা ভুলে যায়নি, কখনো ভুলবে না। বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূলকথা-'সবার সঙ্গে বন্ধুত্ব, কারও সঙ্গে শত্রুতা নয়'। কিন্তু এ নীতি পাকিস্তানের ক্ষেত্রে প্রযোজ্য নয়। পাকিস্তান যতদিন ক্ষমা না চাইবে, ততদিন সেই দেশ আমাদের 'শত্রুরাষ্ট্র' হিসাবেই থাকবে। দুদেশের মধ্যে কূটনৈতিক সম্পর্ক থাকলেও সুসম্পর্ক কখনোই হবে না, সুসম্পর্ক রাখার প্রশ্নই আসে না

# বাংলা ট্রাভেলস ওমরাহ হজ্ব কাফেলা



## ওমরাহ প্যাকেজ

আমরা IATA অনুমোদিত | আমরা ARC অনুমোদিত






পবিত্র মক্কায় তাওয়াফ করার পূর্ব মুহূর্তে



পবিত্র মক্কায় তাওয়াফরত অবস্থায়

## দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

### সামার সেল চলছে

বাংলাদেশ থেকে আসার টিকেট কম দামে আমাদের কাছেই পাবেন




DELTA AIR LINES | American Airlines | Biman Bangladesh Airlines | Saudia | Kuwait Airways | Emirates | Etihad Airways | Qatar Airways

**প্যাকেজ বিবরণ**

- বিমান ভাড়া ও হোটেল।
- ভিসা, মোয়াল্লেম।
- জেদ্দা এয়ারপোর্ট থেকে পিকআপ এবং ড্রপ।
- মক্কা ও মদিনায় জিয়ারা।
- মক্কা ও মদিনায় যাতায়াত।
- ৫/৩ ষ্টার হোটেল।

★ আমরা ১০ মিনিটে সৌদি ভিসা প্রসেস করি
★ ১২ ঘন্টায় ওমরাহ ভিসা প্রসেস করি



Mohammad B Hossain (Belal)
President & CEO

আমাদের কাছে পাবেন গ্রুপ ওমরাহ প্যাকেজ, একক ওমরাহ প্যাকেজ ও কাষ্টম প্যাকেজ

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

**7305 37th Road, Jackson Heights, NY 11372**
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

**Phone: 917-396-4140, 917-592-7828**

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 10AM -10PM *Terms & Condition may apply. See store for details.

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



Moin Choudhury, Esq

# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাস্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

**বিনামূল্যে পরামর্শ**
**কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা**
**গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে**
**বিকলাঙ্গ শিশুর জন্য**
**ফেডারেল ডিজএবিলিটি**
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



**Moin Choudhury**
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**
E-mail: moinlaw@gmail.com

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**
**Manhattan Office By Appointment Only.**
**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




KARNAFULLY TRAVEL INC. (Approved Travel Agent)

IATA arc Approved

# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# SmartTech IT Solutions Inc.

**We built your dream job in (IT)**

স্বপ্নের আমেরিকায় আই টি (IT) তে ক্যারিয়ার গড়তে Smart Tech এর সাথে যুক্ত থাকুন

salesforce

Learn Salesforce Without Coding

BECOME salesforce CERTIFIED ADMINISTRATOR & GET JOB WORLDWIDE

- Configuration & Setup
- Sales & Marketing Applications
- Data & Analysis Management
- Workflow & Process Automation

SALESFORCE ADMINISTRATOR

**Earn Yearly : 80K - 120K**

## Learn QA Test Engineer

SDET
MANUAL & AUTOMATION QA
JAVA
Selenium
SQL
API Testing...

আমাদের সেবা সমূহঃ
- সহজ ভাবে পড়ানো হয়
- রিজুমি প্রস্তুতি
- ইন্টারভিউ সাপোর্ট
- আফটার জব সাপোর্ট
- ইনপারসন এবং অনলাইন ক্লাস

**Ph: (917) 293-5724**
Email: smarttechemployee@gmail.com
www.smarttechitsolution.com
37-21 75 Street (3rd Floor) Jackson Heights, NY 11372

# হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইটস্ অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

## Captor USA, Inc.

Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা



# আতঙ্ক নয়, ফ্যাটি লিভারে চাই সচেতনতা

ডা. মুহাম্মদ সায়েদুল আরেফিন



আজকাল অনেকেই কোনো কারণে পেটের আলট্রাসনোগ্রাম করার পর রিপোর্টে 'ফ্যাটি লিভার' লেখা দেখে ঘাবড়ে যায় বা আতঙ্কগ্রস্ত হয়ে পড়ে। আগের দিনে শুধু লিভার সিরোসিস, লিভার ক্যান্সার বা হেপাটাইটিসের নাম শোনা গেলেও ইদানীং লিভারের ক্রমবর্ধমান আরেকটি রোগের কথা শোনা যায়, যার নাম ফ্যাটি লিভার। পশ্চিমা দেশে ক্রনিক বা দীর্ঘমেয়াদি লিভারের অসুখের এক নম্বর কারণ এই ফ্যাটি লিভার, যা আমাদের দেশেও ক্রমবর্ধমান। সারা পৃথিবীর ২৫ থেকে ৩০ শতাংশ মানুষ এই ফ্যাটি লিভার রোগে আক্রান্ত। এই রোগে আক্রান্ত ব্যক্তির আতঙ্কগ্রস্ত না হয়ে সচেতনতা বৃদ্ধি বেশি জরুরি।

**ফ্যাটি লিভার কী?**

নামের সঙ্গেই এই রোগের পরিচয় লুকিয়ে আছে। যেকোনো কারণে লিভারে অতিরিক্ত ফ্যাট বা চর্বি জমার ফলে যে রোগ হয় তাকে ফ্যাটি লিভার বলে। লিভার তৈরি হয় হেপাটোসাইট নামের কোষ দিয়ে। এই লিভার কোষের ৫ শতাংশেরও বেশিসংখ্যক কোষে যদি অতিরিক্ত চর্বি জমা হয় তখন এটাকে তাৎপর্যপূর্ণ মনে করা হয়।

**লিভারে কেন অতিরিক্ত চর্বি জমা হয়?**

নিয়মিত অতিরিক্ত অ্যালকোহল সেবনের জন্য মূলত লিভারে চর্বি জমা হয়। যেহেতু পশ্চিমা দেশের লোকজন অতিরিক্ত অ্যালকোহল সেবন করে থাকে, তাই সেসব দেশে এই অ্যালকোহলজনিত ফ্যাটি লিভারের সমস্যা বেশি দেখা যায়। কিন্তু অ্যালকোহল ছাড়া অন্য যেসব কারণে লিভারে অতিরিক্ত চর্বি জমা হয় তাকে নন-অ্যালকোহলিক ফ্যাটি লিভার ডিজিজ বলে।

**অ্যালকোহল ছাড়া কী কী কারণে ফ্যাটি লিভার হয়?**

ফ্যাটি লিভারের মূল কারণ অতিরিক্ত স্থূলতা। সারা বিশ্বে স্থূলতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে এই অসুখের সংখ্যাও ধীরে ধীরে বৃদ্ধি পাচ্ছে। তবে স্বাভাবিক গড়নের মানুষেরও এই রোগ হতে পারে। এ ছাড়া যাদের ডায়াবেটিস আছে তাদের এই রোগে আক্রান্ত হওয়ার ঝুঁকি অন্য যে কারো চেয়ে বেশি। এ ছাড়া হেপাটাইটিস সি ভাইরাস, ডিসলিপিডেমিয়া বা রক্তে মাত্রাতিরিক্ত চর্বি, কোনো কোনো ওষুধের (এমিওডারোন, ইস্ট্রোজেন ইত্যাদি) কারণেও ফ্যাটি লিভার হয়ে থাকে।

**নন-অ্যালকোহলিক ফ্যাটি লিভার ডিজিজ ও নন-অ্যালকোহলিক স্টিয়াটোহেপাটাইটিস কী?**

নন-অ্যালকোহলিক ফ্যাটি লিভার ডিজিজে আক্রান্ত ব্যক্তিদের একটি অংশ অতিরিক্ত চর্বি জমার ফলে লিভারে প্রদাহ হয় এবং ধীরে ধীরে লিভার তার স্বাভাবিক কার্যক্রম হারিয়ে ফেলে। এরপর ৩৮ পৃষ্ঠায়



ছবি : ডাউন সিনড্রোম সোসাইটি অব বাংলাদেশের সৌজন্যে

# ডাউন সিনড্রোমে আক্রান্ত ব্যক্তির চাই সঠিক পরিচর্যা

ডা. সুস্মিতা রায়

সঠিক সময়ে সঠিক পরিচর্যা করলে ডাউন সিনড্রোম শিশুরাও অন্য স্বাভাবিক শিশুর মতো শিক্ষিত, কর্মক্ষম বা স্বনির্ভর হতে পারে।

**ডাউন সিনড্রোম কী?**

ডাউন সিনড্রোম একটি জিনগত বা জেনেটিক রোগ, যা মানব কোষের ক্রমোজোমের অসামঞ্জস্যের কারণে হয়ে থাকে। মানব কোষের ২৩ জোড়া ক্রমোজোমের ২১ নম্বর ক্রমোজোম জোড়ায় দুটির স্থলে তিনটি ক্রমোজোম থাকে। এ জন্য ডাউন সিনড্রোম রোগটি 'ট্রাইসোমি ২১' নামেও পরিচিত। আর ২১ নম্বর ক্রমোজোম সংখ্যায় তিনটি ক্রমোজোম থাকে বলে ২১/৩ অর্থাৎ ২১ মার্চ বিশ্ব ডাউন সিনড্রোম দিবস হিসেবে পালিত হয়। বিশ্বে এখন ডাউন সিনড্রোমে আক্রান্ত ব্যক্তির সংখ্যা ৭০ লাখ। প্রতিবছর জন্মগ্রহণকারী এক হাজার শিশুর মধ্যে একটি ডাউন সিনড্রোম রোগ নিয়ে জন্মগ্রহণ করে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার রিপোর্ট অনুযায়ী, বাংলাদেশে প্রতিবছর পাঁচ হাজার বা প্রতিদিন প্রায় ১৫টি ডাউন সিনড্রোমে আক্রান্ত শিশুর জন্ম হয়।

মায়ের বয়স যত বেশি থাকে শিশুর ডাউন সিনড্রোম হওয়ার আশঙ্কা তত বাড়ে, যা ৪৫ বছর বয়সী মায়েদের ক্ষেত্রে ৩ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পায়। অন্যদিকে কোনো মায়ের আগে একজন ডাউন সিনড্রোমে আক্রান্ত শিশু থাকলে পরে এ রকম আরেকটি শিশুর জন্ম হওয়ার আশঙ্কা বাড়ে। আক্রান্ত শিশুর মা-বাবা জেনেটিকভাবে স্বাভাবিক থাকতে পারেন আবার ত্রুটিযুক্ত ক্রমোজোমের বাহকও হতে পারেন। পরিবেশদূষণ, তেজস্ক্রিয়তা ইত্যাদি কারণেও ডাউন সিনড্রোমে আক্রান্ত শিশুর জন্ম হতে পারে বলে ধারণা করা হয়।

**লক্ষণ**

মানুষের বিভিন্ন বৈশিষ্ট্য যেমনভ্আচার-আচরণ, বুদ্ধিমত্তা, চেহারা, উচ্চতা, গায়ের রং ইত্যাদি ক্রমোজোমের ভেতরে ডিএনএ নামের এক ধরনের প্রোটিনের মাধ্যমে নির্ধারিত হয়। তাই ডাউন সিনড্রোমে আক্রান্ত রোগীদের ক্রমোজোমের অসামঞ্জস্যের কারণে বিভিন্ন শারীরিক ও মানসিক সমস্যা দেখা যায়। যেসব শিশু ডাউন এরপর ২৬ পৃষ্ঠায়

# ডায়াবেটিস রোগীরাও পারবে রোজা রাখতে

ডা. শাহজাদা সেলিম



পৃথিবীতে প্রায় ২৬৫ কোটি মুসলমান আছে, যা মোট জনসংখ্যার প্রায় ৩০ শতাংশ। বর্তমানে পৃথিবীতে ডায়াবেটিস রোগীর সংখ্যা প্রায় ৫৩ কোটি ৭০ লাখ। ২০৪৫ সালে এই সংখ্যা বেড়ে দাঁড়াবে ৬৭ কোটিতে। এর মধ্যে সাধারণত প্রাপ্তবয়স্ক ও সুস্থ মানুষ রোজা রাখে।

পৃথিবীর মোট প্রাপ্তবয়স্ক মুসলমানের ৩৮ শতাংশ ডায়াবেটিসে ভুগছে। সে হিসাবে দাঁড়াচ্ছে, প্রতি রমজান মাসে ৯ থেকে ১২ কোটি ডায়াবেটিক রোগী রোজা রাখছে। একটি গুরুত্বপূর্ণ গবেষণায় দেখা গেছে, টাইপ ১ ডায়াবেটিক রোগীর ৪৩ শতাংশ এবং টাইপ ২ ডায়াবেটিক রোগীর ৭৯ শতাংশ রমজান মাসে রোজা রাখে।

রোজার সময় একজন মানুষকে ভোররাত থেকে সূর্যাস্ত পর্যন্ত না খেয়ে থাকতে হয়। ভৌগোলিক অবস্থান ও মৌসুম ভেদে এ সময়কাল ১৪ ঘণ্টা থেকে শুরু করে সর্বোচ্চ ২৩ ঘণ্টা পর্যন্ত হতে পারে। আমাদের দেশে সাহরি ও ইফতারের মধ্যবর্তী সময় সর্বোচ্চ ১৮ ঘণ্টা হতে পারে। এই দীর্ঘ সময় একজন ডায়াবেটিক রোগীর না খেয়ে থাকা উচিত হবে কি না, তা নিয়ে অনেক বছর ধরে বহু বিতর্ক হয়েছে। অবশেষে পৃথিবীর মুসলমান ও অমুসলমান ডায়াবেটিস বিশেষজ্ঞরা সর্বসম্মতভাবে মতামত দিয়েছেন যে ডায়াবেটিক রোগীর পক্ষে রোজা রাখা ক্ষতিকর হবে।

রোজা রাখার সময় ডায়াবেটিক রোগীর ঝুঁকি, রক্তের গ্লুকোজের মাত্রা কমে যাওয়া (হাইপোগ্লাইসেমিয়া) : খাদ্য গ্রহণে অনেকক্ষণ যাবৎ বিরত থাকলে রক্তের গ্লুকোজের পরিমাণ কমতে থাকে। রক্তে গ্লুকোজের পরিমাণ ডায়াবেটিক রোগীর রোজা রাখার সময় এতটাই কমে যেতে পারে যে তাকে হাসপাতালে ভর্তি পর্যন্ত করতে হতে পারে। টাইপ ১ ডায়াবেটিক রোগীর ক্ষেত্রে এরূপ হাইপোগ্লাইসেমিয়া হওয়ার আশঙ্কা ৪.৭ গুণ এবং টাইপ ২ ডায়াবেটিক রোগীর এরপর ২০ পৃষ্ঠায়

# রোজায় ব্যথার রোগীদের করণীয়

ডা. মো. আহাদ হোসেন

রোজার মাসে যারা দীর্ঘমেয়াদি ব্যথায় ভুগছে তাদের অনেকেরই মনে প্রশ্ন আসে-রোজার সময়ে তারা কিভাবে চলবে অথবা ব্যথানাশক ওষুধই বা খাবে কিভাবে?

**রোজায় স্বাভাবিক ব্যথা বাড়ে নাকি কমে?**



রোজার সময় সাধারণত স্বাভাবিক ব্যথার প্রবণতা অনেকটা কমে আসে, বিশেষ করে যারা রোজা থাকে। তবে কিছু কিছু ক্ষেত্রে দীর্ঘমেয়াদি ব্যথার কিছু কারণ থাকে, যেগুলো সম্পূর্ণ নিরাময়যোগ্য নয়, সেসব ক্ষেত্রে ব্যথা স্বাভাবিক থাকে। যেমন-যারা দীর্ঘমেয়াদি অস্টিও আর্থ্রাইটিস, ক্যান্সারজনিত ব্যথা অথবা দীর্ঘমেয়াদি সুনির্দিষ্ট কোনো কারণে ব্যথায় ভুগছে তাদের ক্ষেত্রে সুনির্দিষ্ট ওষুধ সেবনের পাশাপাশি কিছু নিয়ম ফলো করলে ব্যথা নিয়ন্ত্রণে থাকতে পারে।

**রোজার সময় ব্যথার ওষুধ কিভাবে খাবেন?**

রোজার সময় অনেকেরই প্রশ্ন-ব্যথার ওষুধ তিন বেলা দেওয়া থাকে, সে ক্ষেত্রে কিভাবে খেলে ভালো হয়? ডাক্তাররা সাধারণত রোজার সময় সব ওষুধ দুই বেলায় দিয়ে থাকেন।

সে ক্ষেত্রে ব্যথার ওষুধগুলো সাধারণত খাওয়ার পরে বা ভরা পেটে খাওয়ার নিয়ম থাকে। রোজার সময় স্বাভাবিক নিয়মে ইফতারের পরে এবং সাহরি খাওয়ার পরে ব্যথার ওষুধ খাওয়া যেতে পারে। যেকোনো ধরনের ব্যথার ওষুধের সঙ্গে গ্যাস্ট্রিকের ওষুধ যে যে রকম খাচ্ছেন সেগুলো খেয়ে যেতে পারবেন। যাঁদের ব্যথা তীব্র নয়, যেকোনো এক বেলা ব্যথার ওষুধ সেবনে নিয়ন্ত্রণে থাকছে তাঁদের ক্ষেত্রে আমরা বলি ব্যথার ওষুধটা ইফতারের পরে খেয়ে নিতে পারেন। কারণ কোনো কোনো সময় দেখা যায়, ব্যথার ওষুধে অতিরিক্ত এসিডিটি হওয়ার কারণে পেট ব্যথা বা বমি বমি ভাবভ্এ রকম সমস্যা তৈরি হতে পারে। এরপর ২০ পৃষ্ঠায়

# অন্ধত্ব প্রতিরোধে চাই নিয়মিত স্ক্রিনিং

ডা. মোহাম্মদ আফজাল মাহফুজউল্লাহ

গ্লুকোমা চোখের একটি জটিল রোগ। বিশ্বের দ্বিতীয় প্রতিরোধযোগ্য অন্ধত্বের এক ভয়াবহ কারণ গ্লুকোমা। এই রোগকে নীরব ঘাতক বলা হয়। নীরব ঘাতক বলার কারণ, এই রোগে কোনো উপসর্গ ছাড়াই চোখের নার্ভ ক্ষয় হয়ে থাকে। মানুষের চোখের অন্ধত্বের দ্বিতীয় বৃহত্তম কারণ হচ্ছে গ্লুকোমা। চোখের অভ্যন্তরীণ উচ্চচাপই এই রোগের প্রধান কারণ, যদিও কিছু কিছু ক্ষেত্রে চোখের স্বাভাবিক চাপেও এই রোগ হয়ে থাকে। চোখের এই অভ্যন্তরীণ চাপ চোখের অতি সংবেদনশীল অপটিক নার্ভ, যার মাধ্যমে চোখ মস্তিষ্কের সঙ্গে যোগাযোগ রক্ষা করে তাকে চিরতরে নষ্ট করে দেয়। ফলে মানুষ অন্ধত্ব বরণ করে।

গ্লুকোমা রোগ যেকোনো মানুষের যেকোনো বয়সে হতে পারে। তবে ৪০ বছর বয়সের পরে এই রোগ হওয়ার ঝুঁকি বেশি।


**গ্লুকোমা কী?**

রক্তের চাপের মতো চোখেরও একটি নির্দিষ্ট চাপ থাকে। চোখের স্বাভাবিক চাপ ১০ থেকে ২০ মিমি মারকারি।

কোনো কারণে এই চাপ বৃদ্ধি পেলে চোখের অপটিক নার্ভের মারাত্মক ক্ষতি হয় এবং ধীরে ধীরে নার্ভটি শুকিয়ে যায়। ফলে দৃষ্টির পরিসীমা কমতে থাকে। এক পর্যায়ে চোখ দৃষ্টিহীন হয়ে যেতে পারে। এ অবস্থাই গ্লুকোমা।

**গ্লুকোমার বর্তমান প্রেক্ষাপট**

